**রেজিস্ট্রার দপ্তর**
যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
যশোর-৭৪০৮, বাংলাদেশ।

**Office of the Registrar**
Jashore University of Science and Technology
Jashore-7408, Bangladesh

স্মারক নং-যবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন ও প্রশাসন/রাজস্ব জনবল/ ১০০২(৯)/২৬-১৮১৩

তারিখঃ ১৩/০৫/২০২৬খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত পদগুলো পূরণের নিমিত্তে বর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম, পদসংখ্যা,বেতন স্কেল ও গ্রেড | বয়স | শর্তাবলী |
|---|---|---|---|
| ০১ | পরিচালক (হিসাব), ০১টি স্থায়ী পদ, বেতন স্কেল: ৫৬৫০০-৭৪৪০০/-(৩য় গ্রেড) | অনূর্ধ্ব ৫৫ বছর | আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত আবেদন ফরমে প্রয়োজনীয় সকল কাগজপত্রসহ পূর্ণাঙ্গ আবেদন ০২ সেট রেজিস্ট্রার, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর-৭৪০৮ বরাবর বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ১৭/০৬/২০২৬খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন পৌছাতে হবে। পরবর্তীতে কোন প্রকার ডকুমেন্টস জমা নেওয়া হবে না। রেজিস্ট্রার, যবিপ্রবি এর কার্যালয় অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটঃ www.just.edu.bd হতে আবেদন ফরম ও যোগ্যতার বিস্তারিত বিবরণ সংগ্রহ করতে হবে। |
| ০২ | পরিচালক (পঃ, উঃ ও পূর্ত), ০১টি স্থায়ী পদ,বেতন স্কেল: ৫৬৫০০-৭৪৪০০/-(৩য় গ্রেড) | অনূর্ধ্ব ৫৫ বছর | |
| ০৩ | পরীক্ষা নিয়ন্ত্রক, ০১টি স্থায়ী পদ, বেতন স্কেল: ৫৬৫০০-৭৪৪০০/-(৩য় গ্রেড) | অনূর্ধ্ব ৫৫ বছর | |
| ০৪ | বিশ্ববিদ্যালয় প্রকৌশলী (প্রধান প্রকৌশলী), ০১টি স্থায়ী পদ বেতন স্কেল: ৫৬৫০০-৭৪৪০০/-(৩য় গ্রেড) | অনূর্ধ্ব ৫৫ বছর | |
| ০৫ | প্রধান চিকিৎসা কর্মকর্তা, ০১টি স্থায়ী পদ, বেতন স্কেল: ৫৬৫০০-৭৪৪০০/-(৩য় গ্রেড) | অনূর্ধ্ব ৫৫ বছর | |
| ০৬ | পরিচালক (শরীরচর্চা শিক্ষা), ০১টি স্থায়ী পদ,বেতন স্কেল: ৫৬৫০০-৭৪৪০০/-(৩য় গ্রেড) | অনূর্ধ্ব ৫৫ বছর | |

স্বাঃ/
কাজী মোঃ জালাল উদ্দীন
রেজিস্ট্রার
যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

আরপি-৭৭৭/২৬ (৪"x৪)

আমার দেশ

স্মারক নং-যবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন ও প্রশাসন/রাজস্ব জনবল/ ১০০২(৯/২৬-২৮৯৩

তারিখঃ ২৩/০৫/২০২৬খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত পদগুলো পূরণের নিমিত্তে বর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম, পদসংখ্যা, বেতন স্কেল ও গ্রেড | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | পরিচালক (হিসাব), ০১টি স্থায়ী পদ<br>বেতন স্কেল: ৫৬৫০০-৭৪৪০০/-(৩য় গ্রেড) | • অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ৪ বছর মেয়াদী বিবিএসহ এমবিএ/৩ বছর মেয়াদি বিকম অনার্সসহ এমকম/পাস কোর্সে বিকম ও এমকম ডিগ্রি থাকতে হবে।<br>• শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি অথবা সমমানের গ্রেড/সিজিপিএ থাকতে হবে।<br>• শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমানের গ্রেড/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।<br>• অর্থ, হিসাব, বাজেট ও সংশ্লিষ্ট অন্যান্য কাজে কোন সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে ১ম শ্রেণি/৯ম গ্রেডের কর্মকর্তা হিসেবে ন্যূনতম ১৫ (পনেরো) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; তন্মধ্যে ডেপুটি কম্পট্রোলার/উপ-পরিচালক(অর্থ/হিসাব/বাজেট) বা সমপর্যায় (৫ম গ্রেড) পদে ন্যূনতম ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>• কম্পিউটার পরিচালনায় অবশ্যই পারদর্শী হতে হবে।<br>• একাউন্টিং এ উচ্চতর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>বয়স: অনূর্ধ্ব ৫৫ বছর। (সংশ্লিষ্ট কাজে অধিকতর অভিজ্ঞ প্রার্থীদের জন্য বয়স শিথিলযোগ্য) |
| ০২ | পরিচালক (পঃ, উঃ ও পূর্ত), ০১টি স্থায়ী পদ<br>বেতন স্কেল: ৫৬৫০০-৭৪৪০০/-(৩য় গ্রেড) | • অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান/ ইঞ্জিনিয়ারিং)সহ স্নাতকোত্তর ডিগ্রি/ ০৪ (চার) বছর মেয়াদি স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি/০৫ (পাঁচ) বছর মেয়াদি প্রফেশনাল ডিগ্রি/০৩ (তিন) বছর মেয়াদি স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি/ পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। সিভিল ইঞ্জিনিয়ারিং/আরবান অ্যান্ড রিজিওনাল প্লানিং/ডেভেলপমেন্ট স্টাডিজ উইথ এমএস ইন (ইউআরপি/প্লানিং)/আর্কিটেকচার/জিওগ্রাফী উইথ মাস্টার্স ইন প্লানিং/আরবান প্লানিং এবং প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।<br>• শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি অথবা সমমানের গ্রেড/ সিজিপিএ থাকতে হবে।<br>• শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমানের গ্রেড/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।<br>• কোন বিশ্ববিদ্যালয়ে উপ-পরিচালক পরিকল্পনা, উন্নয়ন ও পূর্ত/সমমানের পদে(৫ম গ্রেড) ন্যূনতম ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ কোন সরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/ বিশ্ববিদ্যালয়ে ১ম শ্রেণি/৯ম গ্রেডের কর্মকর্তা হিসেবে মোট ১৫ (পনেরো) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>• কম্পিউটার পরিচালনায় অবশ্যই পারদর্শী হতে হবে।<br>• উচ্চতর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>বয়স: অনূর্ধ্ব ৫৫ বছর। (সংশ্লিষ্ট কাজে অধিকতর অভিজ্ঞ প্রার্থীদের জন্য বয়স শিথিলযোগ্য) |
| ০৩ | পরীক্ষা নিয়ন্ত্রক, ০১টি স্থায়ী পদ<br>বেতন স্কেল: ৫৬৫০০-৭৪৪০০/-(৩য় গ্রেড) | **ন্যূনতম যোগ্যতা:**<br>• অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান/ ইঞ্জিনিয়ারিং)সহ স্নাতকোত্তর ডিগ্রি/০৪ (চার) বছর মেয়াদি স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি/০৫ (পাঁচ) বছর মেয়াদি প্রফেশনাল ডিগ্রি/০৩ (তিন) বছর মেয়াদি স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি/পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>• শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি অথবা সমমানের গ্রেড/সিজিপিএ থাকতে হবে।<br>• শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমানের গ্রেড/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।<br>• সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/ বিশ্ববিদ্যালয়ে প্রশাসন/ শিক্ষা / পরীক্ষা সংক্রান্ত কাজে ১ম শ্রেণি/৯ম গ্রেডের কর্মকর্তা হিসেবে ন্যূনতম ১৫ (পনেরো) বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক/সমমানের(৫ম গ্রেড) পদে কোন বিশ্ববিদ্যালয়ে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>• কম্পিউটার পরিচালনায় অবশ্যই পারদর্শী হতে হবে।<br>• উচ্চতর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>বয়স: অনূর্ধ্ব ৫৫ বছর। (সংশ্লিষ্ট কাজে অধিকতর অভিজ্ঞ প্রার্থীদের জন্য বয়স শিথিলযোগ্য) |
| ০৪ | বিশ্ববিদ্যালয় প্রকৌশলী (প্রধান প্রকৌশলী), ০১টি স্থায়ী পদ<br>বেতন স্কেল: ৫৬৫০০-৭৪৪০০/-(৩য় গ্রেড) | • অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ০৪ (চার) বছর মেয়াদি বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে। সিভিল ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>• শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি অথবা সমমানের গ্রেড/সিজিপিএ থাকতে হবে। |

| | | |
|---|---|---|
| | | • শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমানের গ্রেড/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।<br>• ১ম শ্রেণি/৯ম গ্রেডের কর্মকর্তা হিসেবে ন্যূনতম ১৫ (পনেরো) বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে কোন সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী/উপ-বিশ্ববিদ্যালয় প্রকৌশলী/উপ-প্রধান প্রকৌশলী (৫ম গ্রেড) পদে ন্যূনতম ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>• কম্পিউটার পরিচালনায় অবশ্যই পারদর্শী হতে হবে।<br>• উচ্চতর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>বয়স: অনূর্ধ্ব ৫৫ বছর। (সংশ্লিষ্ট কাজে অধিকতর অভিজ্ঞ প্রার্থীদের জন্য বয়স শিথিলযোগ্য) |
| ০৫ | প্রধান চিকিৎসা কর্মকর্তা, ০১টি স্থায়ী পদ<br>বেতন স্কেল: ৫৬৫০০-৭৪৪০০/-(৩য় গ্রেড) | • কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে এমবিবিএস ডিগ্রিসহ BMDC-এর নিবন্ধন থাকতে হবে।<br>• ইন্টার্নীশিপ সম্পন্ন করার পর সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/ বিশ্ববিদ্যালয়ে/ স্বীকৃত প্রতিষ্ঠানে ১ম শ্রেণি/৯ম গ্রেডের চিকিৎসা কর্মকর্তা হিসেবে ন্যূনতম ১৫ (পনেরো) বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে স্বীকৃত প্রতিষ্ঠানে ন্যূনতম ডেপুটি চিফ মেডিকেল অফিসার/সমমানের পদে চিকিৎসক হিসেবে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>• কম্পিউটার পরিচালনায় অবশ্যই পারদর্শী হতে হবে।<br>• উচ্চতর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>বয়স: অনূর্ধ্ব ৫৫ বছর। (সংশ্লিষ্ট কাজে অধিকতর অভিজ্ঞ প্রার্থীদের জন্য বয়স শিথিলযোগ্য) |
| ০৬ | পরিচালক (শরীরচর্চা শিক্ষা), ০১টি স্থায়ী পদ<br>বেতন স্কেল: ৫৬৫০০-৭৪৪০০/-(৩য় গ্রেড) | • অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান/সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছরের সম্মানসহ স্নাতক ডিগ্রি থাকতে হবে।<br>অথবা<br>অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রিসহ বিপিএড ও এমপিএড থাকতে হবে।<br>• শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি অথবা সমমানের গ্রেড/সিজিপিএ থাকতে হবে।<br>• শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমানের গ্রেড/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।<br>• কোন সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ১৫(পনেরো) বছরের অভিজ্ঞতা; তন্মধ্যে উপ-পরিচালক হিসেবে (৫ম গ্রেড) সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>• কম্পিউটার পরিচালনায় অবশ্যই পারদর্শী হতে হবে।<br>• উচ্চতর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>বয়স: অনূর্ধ্ব ৫৫ বছর।(সংশ্লিষ্ট কাজে অধিকতর অভিজ্ঞ প্রার্থীদের জন্য বয়স শিথিলযোগ্য) |

**শর্তাবলীঃ**

| | |
|---|---|
| (ক) | আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত আবেদন ফরমে প্রয়োজনীয় সকল কাগজপত্রসহ পূর্ণাঙ্গ আবেদন ০২ সেট রেজিস্ট্রার, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর-৭৪০৮ বরাবরে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ১৭/০৬/২০২৬খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন পৌছাতে হবে। পরবর্তীতে কোন প্রকার ডকুমেন্টস জমা নেওয়া হবে না। |
| (খ) | প্রার্থীগণকে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটঃ www.just.edu.bd অথবা রেজিস্ট্রারের কার্যালয় হতে আবেদন ফরম ও যোগ্যতার বিস্তারিত বিবরণ সংগ্রহ করতে হবে। |
| (গ) | প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রের ছায়ালিপি সংযুক্ত করতে হবে- (ক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র (খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ কপি ছবি (গ) জাতীয় পরিচয় পত্র (ঘ) নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/ওয়ার্ড কাউন্সিলর প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র। বয়স গণনার ক্ষেত্রে আবেদন জমার শেষ তারিখ পর্যন্ত হিসাব করতে হবে। |
| (ঘ) | সকল প্রার্থীর ক্ষেত্রে কোন একাডেমিক পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের গ্রেড গ্রহণযোগ্য নয়। চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদপত্র (নির্ধারিত সময়ের পর) গ্রহণ করা হবে না। |
| (ঙ) | দরখাস্তের সাথে **"রেজিস্ট্রার, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়"** এর অনুকূলে অগ্রণী ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে ২০০/- টাকা মূল্যের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) অবশ্যই সংযুক্ত করতে হবে। |
| (চ) | প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থিত পদের নাম (দপ্তর ও বিভাগের নামসহ) খামের উপর স্পষ্টাক্ষরে লিখতে হবে। |
| (ছ) | বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অভিজ্ঞতা সম্পন্ন বিভাগীয়/অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ক্ষেত্রে যে কোন ০১ (এক) টি শর্ত শিথিল করতে পারবেন। |
| (জ) | প্রার্থীর যোগাযোগের বর্তমান ঠিকানা লিখিত ১০(দশ) টাকার ডাকটিকেট সংযুক্ত ২৫X১১ সেঃমিঃ/১০X৪.৫ ইঞ্চি সাইজের দুইটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে। |
| (ঝ) | বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল, সংশোধন ও পদসংখ্যা কমবেশী করার ক্ষমতা সংরক্ষণ করেন। |

কাজী মোঃ জালাল উদ্দীন
রেজিস্ট্রার
যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
তারিখঃ২৩/০৫/২০২৬খ্রি.

স্মারক নং-যবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন ও প্রশাসন/রাজস্ব জনবল/ ১০০২(৯/২৬-১৮৭৩

০১। পরিচালক (হিসাব), যবিপ্রবি